

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.৪০.০০৬.২৪-১৯৫

তারিখ: ২৯/০৪/১৪৩১ বঙ্গাব্দ  
১৩/০৮/২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: বেসরকারি পর্যায়ের মাধ্যমে নন-ইউরিয়া (টিএসপি ও ডিএপি) সার আমদানির লক্ষ্যে প্রস্তাব আহবান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরে ভর্তুকির আওতায় বেসরকারি পর্যায়ের মাধ্যমে প্রয়োজনীয় পরিমাণ টিএসপি ও ডিএপি সার আমদানির লক্ষ্যে নিম্ন-বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক এবং ২৯/০১/২০১৫ খ্রি: তারিখ নং-১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের অন্যান্য শর্ত মোতাবেক সার আমদানিকারকগণের (নিজস্ব প্যাডে) নিকট হতে প্রস্তাব আহবান করা যাচ্ছে:

ক। বেসরকারি পর্যায়ের মাধ্যমে প্রয়োজনীয় পরিমাণ টিএসপি ও ডিএপি সার আমদানির লক্ষ্যে আগামী ২৫ আগস্ট ২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলগালাকৃত খামে প্রস্তাব দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর সারের নাম উল্লেখ করতে হবে। সীলগালাকৃত খামে প্রস্তাবসমূহ বাংলাদেশ সচিবালয়ের ৪নং ভবনের ৫১১ নং কক্ষে রক্ষিত নির্ধারিত বাক্সে অথবা বিএডিসি'র সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা বিভাগ), [৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা] এর দপ্তরে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। একটি আমদানিকারক প্রতিষ্ঠান একটি মাত্র প্রস্তাব দাখিল করতে পারবেন। একটি প্রস্তাবে একাধিক দর উল্লেখ থাকলে প্রস্তাব বাতিল মর্মে গণ্য হবে। তাছাড়া শর্তযুক্ত প্রস্তাবও বাতিল মর্মে গণ্য হবে।

খ। নির্ধারিত কোটার সারের চাহিদা পূরণকল্পে শেষদিকে কোন নির্দিষ্ট পরিমাণ সারের জন্য একাধিক প্রস্তাবকের দর একই হলে সমহারে বন্টনের মাধ্যমে চাহিদা পূরণ করা যাবে। চূড়ান্ত মনোনয়ন/কার্যাদেশ জারীর পর ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে আমদানিকারকগণকে ঋণপত্র/(প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দলিলাদি দাখিল) স্থাপনপূর্বক জামানতের অর্থসহ কৃষি মন্ত্রণালয়ে জমা দিতে হবে। হিসাবের সুবিধার্থে ভর্তুকি বিল দাখিলের সময় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রত্যয়িত মুদ্রার বিনিময় হার (মার্কিন ডলার/টাকা) জমা দিতে হবে। উক্ত প্রত্যয়িত বিনিময় হারের ফলে অতিরিক্ত অর্থ পরিশোধের কোন ঘটনা সংগঠিত হলে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংক কর্তৃক স্ব-উদ্যোগে মন্ত্রণালয়কে অবহিত করাসহ অতিরিক্ত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ দেয়ার পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়াও বেসরকারি পর্যায়ে সার আমদানির ক্ষেত্রে ব্যাংক সুদ হার ১৩% (তেরো শতাংশ), স্থানীয়বায় টনপ্রতি ১৫০০ (একহাজার পাঁচশত) টাকা এবং মুনাফা ৩ (তিন) শতাংশ পূর্বের ন্যায় বলবৎ থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে ঋণপত্র স্থাপনে/প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দলিলাদি দাখিলে ব্যর্থ হলে প্রস্তাবের সাথে জামানতবাবদ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্তসহ মনোনয়ন বাতিল মর্মে গণ্য হবে এবং তালিকার পরবর্তী দরদাতাকে সার সরবরাহের জন্য প্রস্তাব করা যাবে। তবে এতদসংক্রান্ত যে কোন বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

গ। আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি প্রস্তাবে ৩০,০০০ (+১০%) মে. টন টিএসপি এবং ৪০,০০০ (+১০%) মে. টন ডিএপি সারের জন্য প্রস্তাব দাখিল করতে পারবেন।


ঘ। আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে জাহাজীকরণ সম্পন্ন করতে হবে।

ঙ। বেসরকারি সার আমদানিকারকগণ আমদানিকৃত সার বিভিন্ন মোকামে (চট্টগ্রাম, নারায়নগঞ্জ, নগরবাড়ী ও নোয়াপাড়া) সংরক্ষণ করবেন। মোট আমদানিকৃত সারের মধ্যে চট্টগ্রামে (সম্ভাব্য) ৩%; নারায়নগঞ্জে (সম্ভাব্য) ৩০%, নগরবাড়ীতে (সম্ভাব্য) ৩৫% এবং নোয়াপাড়ায় (সম্ভাব্য) ৩২% সংরক্ষণ করতে হবে। সার সংরক্ষণ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। উক্ত মোকামসমূহ ছাড়া অন্য কোন মোকামে সার সংরক্ষণ করতে হলে বা উক্ত মোকামসমূহে মজুদের পরিমাণ হ্রাস-বৃদ্ধি করতে হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকসহ জেলার উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং কৃষি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

চ। আমদানিকৃত সার ডিলার পর্যায়ে বিক্রয়ের ক্ষেত্রে কোন ধরণের শর্ত আরোপ বা প্রতিবন্ধকতা সৃষ্টি করে সার সরবরাহের স্বাভাবিক প্রবাহ বাধা সৃষ্টি করা যাবে না। এরূপ কোন অভিযোগ প্রমাণিত হলে মোকাম সংশ্লিষ্ট জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকগণ আমদানিকারকগণের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করতে পারবেন।

ছ। নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি প্রদান পদ্ধতি সংক্রান্ত পরিপত্র অনুসারে আমদানিকারকগণকে প্রস্তাবের সাথে সারের উৎপাদক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে Manufacturer Certificate জমা দিতে হবে। Manufacturer Certificate-এ সারের বিনির্দেশসহ সংশ্লিষ্ট আমদানিকারককে নির্দিষ্ট পরিমাণ সার নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহে সম্মত মর্মে উল্লেখ থাকতে হবে। উক্ত পরিপত্রে বর্ণিত অন্যান্য শর্ত মোতাবেক প্রস্তাব দাখিলে ব্যর্থ হলে বা কোন অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ প্রস্তাব দাখিল করলে তা বাতিল মর্মে গণ্য হবে।

০২। এমতাবস্থায়, বেসরকারি পর্যায়ের মাধ্যমে নন-ইউরিয়া (টিএসপি ও ডিএপি) সার আমদানির লক্ষ্যে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক সার আমদানি প্রস্তাব দাখিলের বিষয়ে সার আমদানিকারকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(শেখ বদিউল আলম)  
উপ-প্রধান  
ফোন: +৮৮০২৫৫১০০৬০৬